

# সমকাল

## ভোগান্তির পরও স্বস্তির ভর্তি পরীক্ষা শাবিতে

১০ ঘণ্টা আগে

সিলেট ব্যুরো

---



রেলস্টেশন, বাসস্ট্যান্ডে শুক্রবার রাত থেকে পা ফেলার জায়গা নেই। কোনো কোনো পরীক্ষার্থীর সঙ্গে অভিভাবক এসেছেন দু'জন। বিশেষ করে ছাত্রীদের সঙ্গে। অধিকাংশ ছাত্রের সঙ্গেও অভিভাবকরা এসেছেন। ফলে ৭১ হাজার পরীক্ষার্থীর সঙ্গে এসেছেন আরও ৮০ হাজার মানুষ। এ অবস্থায় ছোট সিলেট নগরী অনেকটাই অচল হয়ে পড়ে। আবাসিক হোটেলগুলোতে ঠাঁই ছিল না। কোনো কোনো রুমে গাদাগাদি করে থেকেছেন পরীক্ষার্থীরা। অনেকেই আত্মীয়স্বজনের বাসা-বাড়িতে আশ্রয় নেন। তবে এ সংখ্যা ছিল খুবই কম। এমন নানা ভোগান্তির পরও স্বস্তির পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এ ছাড়া বৈরী আবহাওয়ার কারণে দুর্ভোগ পোহাতে হয় দেশের দূর-দূরান্ত থেকে আসা পরীক্ষার্থীদের। গতকাল শনিবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) (২০১৯-২০) শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় এ অবস্থার সৃষ্টি হয়। তবে বড় ধরনের কোনো সমস্যা ছাড়াই শেষ হয় পরীক্ষা। পরীক্ষা চলাকালে ডিজিটাল ডিভাইসসহ গ্রোফতার করা হয়েছে ৫ জালিয়াতকে।

গতবার যানবাহনের অতিরিক্ত ভাড়া নিয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছিল, তা অনেকটা রোধ করা গেছে সচেতনমূলক নানা কার্যক্রমের কারণে। এ বছর সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, এমসি কলেজসহ

বিভিন্ন প্রতিষ্ঠান থেকে বিনামূল্যে বাস দেওয়া হয়। আর সিলেট বাইকিং কমিউনিটি (এসবিসি) ও বুস্তার্স নামে দুটি বাইকিং সংগঠন পরীক্ষার্থীদের বিনা ভাড়ায় ২শ' বাইক দিয়ে সহযোগিতা করে।

আম্বরখানা থেকে শাবি কেন্দ্রে যেতে অনেক পরীক্ষার্থীকে ভোগান্তি পোহাতে হয়। সেখানে যাত্রী ওঠানোর পরপরই সিএনজি অটোরিকশা চালকরা অতিরিক্ত ভাড়া নেয় বলে অভিযোগ অনেক পরীক্ষার্থীর। তবে বিভিন্ন পয়েন্টে স্বেচ্ছাসেবকরা থাকায় তেমন সুবিধা করতে পারেন্ি যান চালকরা।

এবার ভর্তি পরীক্ষায় জালিয়াতির চেষ্টাকালে ৫ শিক্ষার্থীকে আটক করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তাদের কাছ থেকে সিমকার্ডযুক্ত ক্যালকুলেটর জব্দ করা হয়। এ ডিভাইসের মাধ্যমে তারা বাইরে থেকে উত্তর আদান-প্রদান করছিল বলে শাবি কর্তৃপক্ষ জানায়। তারা হলো মঈন উদ্দিন আদর্শ মহিলা কলেজ কেন্দ্র থেকে শাহ মোহাম্মদ শাহেল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্র থেকে মাহমুদুল হাসান, শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল মাদ্রাসা কেন্দ্র থেকে দুই শিক্ষার্থী আহসান আলী ও ইব্রাহিম খলিল জীবন, সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজ কেন্দ্র থেকে মোহাইমিনুল ইসলাম।

আটককৃত শিক্ষার্থীদের মধ্যে চার শিক্ষার্থীর বাড়ি বগুড়ায় এবং মোহাইমিনুল ইসলাম ময়মনসিংহ থেকে এসেছে বলে নিশ্চিত করেছেন প্রশাসন।

এ বিষয়ে জালালাবাদ থানার ওসি অখিল উদ্দীন বলেন, 'এই থানায় দুইজন শিক্ষার্থী আটক আছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে মামলা করলে আমরা আইন অনুযায়ী ব্যবস্থা নেব। বাকি তিন শিক্ষার্থী অন্য থানার অধীনে।'

মামলা বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন বলেন, 'আমরা তথ্য সংগ্রহ করছি। তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেবো এবং মামলার প্রস্তুতি চলছে।'

শাবি কর্তৃপক্ষ জানিয়েছে, এবার ভর্তি পরীক্ষার জন্য 'এ' ও 'বি' ইউনিটে আবেদন করে ৭০ হাজার ৫৪৩ শিক্ষার্থী। 'এ' ইউনিটে ৬১৩টি আসনের বিপরীতে আবেদন করেন ২৭ হাজার ৩৯ শিক্ষার্থী এবং 'বি' ইউনিটের ৯৯০টি আসনের বিপরীতে আবেদন করেন ৪৩ হাজার ৫০৪ শিক্ষার্থী। এর বাইরে সংরক্ষিত আসন আছে ১শ'টি। সব মিলিয়ে আসন সংখ্যা ১৭০৩। প্রতি আসনের বিপরীতে ৪২ শিক্ষার্থী পরীক্ষা দেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল: ad.samakalonline@outlook.com